দৈনিক ইত্তেফাক

তারিখ: 24.OCT.2002
পৃষ্ঠা ৭ কলাম ৬

# রাজশাহী জেলায় এইচএসসিতে ৫৭ কলেজে পাসের হার ১৫ ভাগের নীচে

রাজশাহী অফিস ॥ এবারে এইচ,এস,সি পরীক্ষার ফলাফলে রাজশাহী জেলার ৫৭টি কলেজ থেকে পাসের হার ১৫ ভাগের নীচে এসব কলেজের পরীক্ষার্থীর সংখ্যা ৯ হাজার ৩১০ জন, পাস করেছে ৭৮৮ জন। হতাশাজনক এই ফলাফলে ছাত্রছাত্রী, অভিভাবক, শিক্ষকসহ সবাই উদ্বিগ্ন। ইতিপূর্বে এই কলেজগুলোতে এ ধরনের বিপর্যয় হয়নি। ধারনা করা হচ্ছে নকল করতে না পেরে অধিক সংখ্যক ছাত্র-ছাত্রী এবার ফেল করেছে।

শিক্ষা বোর্ডের একটি সূত্র

(১২শ পৃঃ দ্রঃ)

## রাজশাহী জেলার

(৭ম পৃঃ পর)

জানায়, রাজশাহী জেলার এক থেকে পাঁচ ভাগ পাসের হার ৭টি কলেজে, ৬ থেকে ১০ ভাগ পাসের হার ২৩টি কলেজে এবং ১১ থেকে ১৫ ভাগ পাসের হার ২৭টি কলেজে। এর মধ্যে সর্বাধিক ৬৯৩ জন ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশ নেয় চারঘাটের এস, এ হাদী কলেজ থেকে। এরমধ্যে পাস করেছে মাত্র ৬৬ জন। পাসের হার ৯ দশমিক ৫২ ভাগ।

রাজশাহী শিক্ষা বোর্ডে এবার এইচ এস সি পাসের হার ছিল ১৮ ভাগ। এরমধ্যে ১ জন পরীক্ষার্থী পাস করেনি এমন কলেজের সংখ্যা ৪৪টি।